

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমাদের নব্য শিক্ষকদের নিয়োগদান

প্রিয় নিউ ইয়র্কবাসীগণ,

আজ আমরা [পেশা অন্বেষণ সপ্তাহ \(ক্যারিয়ার ডিসকভারি উইক\)](#) শেষ করছি, এসময়ে 3,000-এর বেশি হাই স্কুল শিক্ষার্থী পেশা-জগৎ সম্পর্কে প্রত্যক্ষভাবে জানার জন্য ডজন ডজন নিয়োগকারীর সাথে সাক্ষাৎ করেছে। সোমবার, পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি-তে আমাদের সহ-আয়োজকদের সাথে, আমি এভিয়েশন হাই স্কুল এবং MESA চার্টার হাই স্কুলের শিক্ষার্থীদের সাথে কথা বলেছি, যারা JFK এয়ারপোর্টে একটি জেটব্লু (JetBlue) বিমান পরিদর্শন করেছে—এবং এভিয়েশন হাই স্কুলের প্রাক্তন শিক্ষার্থীদের সাথে সাক্ষাৎ করেছে যারা এখন জেটব্লু-তে চাকুরী করছেন!

সিটিজুড়ে নিয়োগকারীরা যখন আমাদের মেধাবী NYCPS শিক্ষার্থীদের সাথে সংযুক্ত হচ্ছেন, তখন মনে হচ্ছে এটা আমার নিজেরও কিছু নিয়োগ দেয়ার জন্য যথার্থ সময়। আমি আপনাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, 2024–25 শিক্ষা বছরের জন্য আমাদের [নতুন শিক্ষকের আবেদন](#) এখন উন্মুক্ত, বর্তমানে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষক সনদ (টিচার সার্টিফিকেশন) রয়েছে বা সেপ্টেম্বরের মধ্যে সনদপ্রাপ্ত হবার পথে রয়েছেন এমন যে কারো জন্য উন্মুক্ত। (আমাদের বর্তমান হাই স্কুল শিক্ষার্থীবৃন্দ, বিশেষ করে যারা আমাদের [ফিউচাররেডিএনওয়াইসি](#)

[\(FutureReadyNYC\) এডুকেশন পাথওয়ে](#)-তে রয়েছেন, অনুগ্রহ করে ভবিষ্যৎ চলার পথে আমাদের কথা মনে রাখবেন!)

এই সুযোগ সম্পর্কে তথ্য ছড়িয়ে দিতে আপনি আমাদের কীভাবে সহায়তা করতে পারেন এখানে তা দেয়া হলো:

- একজন NY স্টেট-এর সনদপ্রাপ্ত শিক্ষককে [দেখিয়ে দিন](#) (এবং শিক্ষক হতে আগ্রহীরা যেন সনদপ্রাপ্ত হবার পথ-পরিক্রমা সম্পর্কে আরো জানতে পারে, সেজন্য এই [ফ্লায়ার](#) এবং [সাইন-আপ লিংকটি](#) শেয়ার করুন।)
- এই [ছবি](#) এবং [ফ্লায়ার](#) আপনার সামাজিক যোগাযোগ মাধ্যমে (সোশ্যাল মিডিয়ায়) পোস্ট করুন
- [ইনস্টাগ্রাম](#), [ফেসবুক](#), এবং [লিংকডইন](#)-এ আমাদের শিক্ষক নিয়োগদাতা টিমকে অনুসরণ করুন

একটি [আবেদনের নির্দেশিকা \(অ্যাপ্লিকেশন গাইড\)](#), [তথ্য অধিবেশনসমূহ](#), এবং আমাদের [অনলাইন সহায়তা কেন্দ্র \(সাপোর্ট সেন্টার\)](#) সহ বিবিধ সহায়ক সংস্থানের জন্য প্রার্থীদের আমাদের [ওয়েবসাইট](#) দেখা উচিত। এছাড়াও, তারা আমাদের \$1,000 [আগাম প্রতিশ্রুতির বৃত্তি](#) সম্পর্কে আরো জানতে পারেন, যা মুখ্য সনদপ্রাপ্তির ক্ষেত্রগুলোতে (যেমন ম্যাথ, সায়েন্স, বাইলিঙ্গুয়াল এডুকেশন, স্পেশাল এডুকেশন, ক্যারিয়ার এবং টেকনিক্যাল এডুকেশন, এবং আরো অনেক কিছু) যেসব যোগ্য প্রার্থী 15 জুনের মধ্যে সুনির্দিষ্ট ডিস্ট্রিক্টসমূহে নিয়োগ গ্রহণ করবেন, তাদের জন্য লভ্য।

75,000-এর অধিক শিক্ষকে বলীয়ান একটি কমিউনিটি—NYCPS কমিউনিটিতে আমরা আমাদের নবীন শিক্ষকদেরকে স্বাগত জানাতে উদগ্রীব হয়ে আছি। সেজন্যে, আমি আপনাকে একটু সময় নিয়ে চিন্তা-ভাবনা করতে অনুরোধ করছি। আপনি কি কোনো অভিজ্ঞ শিক্ষক অথবা শীঘ্রই-শিক্ষক-হবেন এমন কাউকে চেনেন? তারা কি অনুরাগী এবং নিবেদিত? তারা আমাদের ক্লাসরুমগুলোতে কোনো প্রভাব রাখতে পারবেন কি?

যদি তাই হয়, অনুগ্রহ করে এই বার্তাটি পৌঁছে দিন। আমরা NYCPS-এ উজ্জ্বল ভবিষ্যতের জন্য দৃঢ়ভাবে শুরু করছি—এবং আমরা নিয়োগ দিচ্ছি!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।